

অতীব জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
পার-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd


নং-৪৫.১৪২.০১২.০০.০০.০৩১.২০১৬-৮৯৪

তারিখঃ ২৬.০৯.২০১৬ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার/স্বাস্থ্য সার্ভিসের শিশু, গাইনী অনকোলজি, শিশু সার্জারী ও নিউরোলজি বিষয়ে
অধ্যাপক পদে পদোন্নতি সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার/স্বাস্থ্য সার্ভিসের অধ্যাপক পদে
পদোন্নতির উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে স্বাস্থ্য অধিদপ্তর হতে কর্মকর্তাদের বিষয়ভিত্তিক শিশু, গাইনী
অনকোলজি, শিশু সার্জারী ও নিউরোলজি বিষয়ে তথ্য সম্বলিত খসড়া তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। মন্ত্রণালয়ে
প্রাপ্ত তালিকা ওয়েব সাইটে (www.mohfw.gov.bd) প্রকাশ করা হলো।

২। এমতাবস্থায়, সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে স্ব-স্ব স্থায়ী ঠিকানা পৃথক কাগজে স্বাস্থ্য অধিদপ্তরে দাখিল করাসহ
তালিকায় উল্লিখিত তথ্যের সঠিকতা যাচাই করার জন্য অনুরোধ করা হলো। তথ্যে কোনরূপ গড়মিল পরিলক্ষিত হলে
সংশ্লিষ্ট কর্মকর্তাকে আগামী ০৬/১০/২০১৬ তারিখের মধ্যে জরুরী ভিত্তিতে স্বাস্থ্য অধিদপ্তরের সংশ্লিষ্ট শাখায় যোগাযোগ
করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য অধ্যাপক পদে পদোন্নতির জন্য সংশ্লিষ্ট বিষয়ে উচ্চতর ডিগ্রীসহ ফিডার পদে
প্রয়োজনীয় অভিজ্ঞতা, কমপক্ষে ৫টি প্রকাশনা এবং অন্যান্য শর্তের পাশাপাশি চাকুরিতে স্থায়ীকরণ, সিনিয়র স্কেল
পরীক্ষায় উত্তীর্ণ ও ২০১০ হতে ২০১৪ সাল পর্যন্ত ৫ বৎসরের এসিআর আবশ্যিক।


(মইনউদ্দিন আহমদ)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৪

বিতরণঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিকট থেকে প্রাপ্ত স্থায়ী ঠিকানা, যাচাই
বাছাইকৃত/সংশোধিত তথ্য প্রাপ্তির পর এসএসবিতে প্রেরণের নিমিত্তে অনতিবিলম্বে পুনরায় পূর্ণাঙ্গ প্রস্তাব
প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
(দৃষ্টি আকর্ষণঃ পরিচালক, প্রশাসন)।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। (তৌকে তালিকাসহ বিজ্ঞপ্তিটি এ মন্ত্রণালয়ের ওয়েব
সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তৌকে তালিকাসহ বিজ্ঞপ্তিটি স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব
সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।